

নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬- ২১০

তারিখ : ২৫/০১/২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ সনে বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছুদের মধ্যে যারা হজে যেতে অনিচ্ছুক, তাঁদের প্রাক-নিবন্ধন বাতিল সংক্রান্ত কার্যক্রম আগামী ৩১ শে জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রাক-নিবন্ধন বাতিল করার জন্য প্রাক-নিবন্ধনকারি ব্যাংকের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। যদি কোন হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধনকারি হজ এজেন্সী পরিবর্তন করতে চান, তাহলে তাঁকে অবশ্যই প্রাক-নিবন্ধনকারি হজ এজেন্সীর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। প্রাক-নিবন্ধন সার্ভারে প্রাক-নিবন্ধন বাতিল বা প্রাক-নিবন্ধনকারি হজ এজেন্সী পরিবর্তন প্রক্রিয়া ২০১৬ সনের ন্যায় পরিচালিত হবে, যা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ইউজার কর্তৃক অনুমোদন হবে।

হজে গমনেচ্ছুর প্রাক-নিবন্ধনকারী এজেন্সী পরিবর্তনের আবেদন যদি সংশ্লিষ্ট হজ এজেন্সী অনলাইনে প্রেরণ না করে, তবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তাদের ইউজারের মাধ্যমে হজ এজেন্সী পরিবর্তনের প্রক্রিয়া করবে। সেক্ষেত্রে প্রাক-নিবন্ধনকারি তার দালিলিক কাগজসহ পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট আবেদন করবেন। পরিচালকের অনুমোদনসহ আবেদনপত্র প্রাপ্তির পর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ইউজার পরবর্তী কাজ সম্পন্ন করবেন। হজ এজেন্সী স্থানান্তর করার আবেদন আগামী ২৯ হতে ৩১ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত করতে হবে।

যে সকল হজযাত্রী নিবন্ধনের পরে হজে যাননি, তাঁদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বাতিল করেছে, তাঁদের প্রাক নিবন্ধনের অর্থ ফেরত পাওয়ার জন্য তাঁরা পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট টাকা জমার প্রমাণসহ আবেদন করবেন। পরিচালক, হজ অফিস, ঢাকা আবেদনকারির পাসপোর্ট ও দালিলিক প্রমাণ পরীক্ষা করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে সুপারিশ করবে। অতঃপর ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সার্ভিস চার্জ কর্তন করে প্রাক-নিবন্ধনের অবশিষ্ট অর্থ ফেরতের চেক ইস্যু করবে।

বেসরকারি ব্যবস্থাপনায় যারা হজে যাননি তাঁদের নিবন্ধন বাবদ ফেরত প্রাপ্য অর্থ সংশ্লিষ্ট হজ এজেন্সী প্রদান করবে। সরকারি ব্যবস্থাপনায় নিবন্ধিত যারা হজে যাননি, তাঁদের নিবন্ধন বাবদ প্রাপ্য অর্থ ফেরত পাওয়ার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে।

প্রাক-নিবন্ধন বাতিল বা প্রাক-নিবন্ধনকারি হজ এজেন্সী পরিবর্তন প্রক্রিয়া সম্পাদনের জন্য প্রাক-নিবন্ধন সার্ভারে ২০১৬ সনে ইউজার আইডি প্রাপ্ত হজ এজেন্সীদেরকে সাময়িকভাবে বর্ণিত সময়ের জন্য একটিভ করা হবে।



মোঃ আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৪৩২২।
email: morahajjsection@gmail.com

বিতরণ :

- ১। কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
- ২। পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ম্যানেজিং ডাইরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড, হেড অফিস, মতিঝিল, ঢাকা। দৃ: আ: ড. মোঃ হাফিজুর রহমান, ডিজিএম (তাঁর সাথে চুক্তি সম্পাদনকারী ব্যাংকসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
- ৬। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা (সকল এজেন্সীকে অবহিত করার অনুরোধসহ)।
- ৭। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd-তে প্রকাশ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে এতদসংশ্লিষ্ট বাতিল ও স্থানান্তরের কাজসমূহ Online এ সম্পন্ন করবেন)।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।